

বিদায় হজের মর্মবাণী

[শুক্রবার, ৯ জিলহজ, ১০ হিজরি সনে আরাফা ময়দানে দুপুরের পর হযরত মুহাম্মদ (স.) লক্ষাধিক সাহাবার সমাবেশে হজের সময় এই ঐতিহাসিক ভাষণ দেন। হামদ ও সানার পর তিনি বলেন :]

হে মানুষ! তোমরা আমার কথা শোনো। এর পর এই স্থানে তোমাদের সাথে আর একত্রিত হতে পারবো কি-না, জানি না।

হে মানুষ! আল্লাহ বলেন, ‘হে মানব জাতি! তোমাদেরকে আমি একজন পুরুষ ও একজন নারী থেকে সৃষ্টি করেছি এবং তোমাদেরকে সমাজ ও গোত্রে ভাগ করে দিয়েছি যেন তোমরা পরস্পরের পরিচয় জানতে পারো’।

অতএব শুনে রাখো, মানুষে মানুষে কোনো ভেদাভেদ নেই। আরবের ওপর কোনো অনারবের, অনারবের ওপর কোনো আরবের শ্রেষ্ঠত্ব নেই। তেমনি সাদার ওপর কালোর বা কালোর ওপর সাদার কোনো শ্রেষ্ঠত্ব নেই। তোমাদের মধ্যে সেই ব্যক্তিই আল্লাহর কাছে বেশি সম্মান ও মর্যাদার অধিকারী, যে আল্লাহকে ভালবাসে।

হে মানুষ! শুনে রাখো, অন্ধকার যুগের সকল বিষয় ও প্রথা আজ থেকে বিলুপ্ত হলো। জাহিলি যুগের রক্তের দাবিও রহিত করা হলো।

হে মানুষ! শুনে রাখো, অপরাধের দায়িত্ব কেবল অপরাধীর ওপরই বর্তায়। পিতা তার পুত্রের জন্যে আর পুত্র তার পিতার অপরাধের জন্যে দায়ী নয়।

হে মানুষ! তোমাদের রক্ত, তোমাদের সম্মান, তোমাদের সম্পদ পরস্পরের জন্যে চিরস্থায়ীভাবে হারাম (অর্থাৎ পবিত্র ও নিরাপদ) করা হলো, যেমন আজকের এই দিন, আজকের এই মাস, এই শহর সকলের জন্যে হারাম।

হে মানুষ! তোমরা ঈর্ষা ও হিংসা-বিদ্বেষ থেকে দূরে থাকবে। ঈর্ষা ও হিংসা মানুষের সকল সংশ্লিষ্টকে ধ্বংস করে।

হে মানুষ! নারীদের সম্পর্কে আমি তোমাদের সতর্ক করে দিচ্ছি। তাদের সাথে নিষ্ঠুর আচরণ করো না। তাদের ওপর যেমন তোমাদের অধিকার রয়েছে, তেমনি তোমাদের ওপর তাদেরও অধিকার রয়েছে। সুতরাং তাদের কল্যাণের দিকে সব সময় খেয়াল রেখো।

হে মানুষ! অধীনস্থদের সম্পর্কে সতর্ক হও। তোমরা নিজেরা যা খাবে, তাদেরও তা খাওয়াবে। নিজেরা যা পরবে, তাদেরও তা পরাবে। শ্রমিকের শরীরের ঘাম শুকানোর আগেই তার মজুরি পরিশোধ করবে।

হে মানুষ! বিশ্বাসী সেই ব্যক্তি যার হাত ও মুখ থেকে অন্যের সম্মান, ধন ও প্রাণ নিরাপদ। সে নিজের জন্যে যা পছন্দ করে অন্যের জন্যেও তা-ই পছন্দ করে।

হে মানুষ! বিশ্বাসীর পরস্পরের ভাই। সাবধান! তোমরা একজন আরেকজনকে হত্যা করার মতো কুফরী কাজে লিপ্ত হয়ো না।

হে মানুষ! শুনে রাখো, আজ হতে বংশগত শ্রেষ্ঠত্ব বা কৌলিন্যপ্রথা বিলুপ্ত করা হলো। কুলীন বা শ্রেষ্ঠ সে-ই যে বিশ্বাসী ও মানুষের উপকার করে।

হে মানুষ! ঋণ অবশ্যই ফেরত দিতে হবে। বিশ্বস্ততার সাথে প্রত্যেকের আমানত রক্ষা করতে হবে। কারো সম্পত্তি- সে যদি স্বেচ্ছায় না দেয়, তবে তা অপর কারো জন্যে হালাল নয়। তোমরা কেউ দুর্বলের ওপর অবিচার করো না।

হে মানুষ! জ্ঞানীর কলমের কালি শহীদদের রক্তের চেয়েও মূল্যবান। জ্ঞানার্জন প্রত্যেক নর-নারীর জন্যে ফরজ। কারণ জ্ঞান মানুষকে সঠিক পথ দেখায়। জ্ঞান অর্জনের জন্যে প্রয়োজনে তোমরা চীনে যাও।

হে মানুষ! তোমরা তোমাদের প্রভুর ইবাদত করবে। নামাজ কয়েম করবে, রোজা রাখবে, যাকাত আদায় করবে, হজ করবে আর সম্বন্ধভাবে নেতাকে অনুসরণ করবে, তা হলে তোমরা জান্নাতে দাখিল হতে পারবে।

হে মানুষ! শুনে রাখো, একজন কুশী কদাকার ব্যক্তিও যদি তোমাদের নেতা মনোনীত হয়, যতদিন পর্যন্ত সে আল্লাহর কিতাব অনুসারে তোমাদের পরিচালিত করবে, ততদিন পর্যন্ত তার আনুগত্য করা তোমাদের অবশ্য কর্তব্য।

হে মানুষ! শুনে রাখো, আমার পর আর কোনো নবী নেই।

হে মানুষ! আমি তোমাদের কাছে দুটো আলোকবর্তিকা রেখে যাচ্ছি। যতদিন তোমরা এ দুটোকে অনুসরণ করবে, ততদিন তোমরা সত্য পথে থাকবে। এর একটি হলো আল্লাহর কিতাব। দ্বিতীয়টি হলো আমার জীবন-দৃষ্টান্ত।

হে মানুষ! তোমরা কখনোই ধর্ম নিয়ে বাড়াবাড়ি করো না। কেননা অতীতে বহু জাতি ধর্ম নিয়ে বাড়াবাড়ির কারণে ধ্বংস হয়ে গেছে।

হে মানুষ! প্রত্যেককেই শেষ বিচারের দিনে সকল কাজের হিসেব দিতে হবে। অতএব সাবধান হও।

হে মানুষ! তোমরা যারা এখানে হাজির আছো, আমার এ বাণীকে সবার কাছে পৌঁছে দিও।

(এরপর তিনি জনতার উদ্দেশ্যে জিজ্ঞেস করলেন) হে মানুষ! আমি কি তোমাদের কাছে আল্লাহর বাণী পৌঁছে দিয়েছি ? সকলে সম্মুখে জবাব দিলো : হ্যাঁ।

এরপর নবীজী (স.) বললেন, হে আল্লাহ! তুমি সাক্ষি থাকো! আমি আমার সকল দায়িত্ব পালন করেছি।

কোয়ান্টাম ফাউন্ডেশন

কেন্দ্রীয় দফতর : ১১৯/পি শান্তিনগর (২য় তলা), ঢাকা-১২১৭। ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮, ০১৭১৪-৯৭৪৩৩৩
চট্টগ্রাম সেন্টার : ‘বদরে মহল’, বাসা নম্বর ৬৬ (২য় তলা), রোড-৬, ও.আর. নিজাম রোড আ/এ, চট্টগ্রাম-৪২০৩। ফোন : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট সেন্টার : ৭৭ অর্গব, মিরের ময়দান, সিলেট-৩১০০। ফোন : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২
রাজশাহী সেন্টার : ‘নূর ম্যানশন’ (২য় তলা), সিপাইপাড়া, রাজশাহী-৬০০০। ফোন : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯
মিরপুর সেন্টার : সেকশন-২, ব্লক-‘ই’, রোড-৬, বাড়ি-৫/২, মিরপুর, ঢাকা-১২১৬। ফোন : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪
লামা সেন্টার ৯ কোয়ান্টাম পল্লী ও শিশুকানন : বোধিছড়া, কেয়াজুপাড়া, ডাক: সরই, লামা, বান্দরবান-৪৩৯৬। ফোন : ০১৭১৪-০৯৪২৭১, ০৪৪৩৪৪৯৩৯৮৮
সেচ্ছা রক্তদান কার্যক্রম ও কোয়ান্টাম ল্যাব : ১১৯ শান্তিনগর, ঢাকা-১২১৭ (ইস্টার্ন গ্লাস মার্কেটের পূর্ব পাশে) ফোন : ৮৩২২৯৮৭, ৯৩৫১৯৬৯, ০১৭১৪-০১০৮৬৯
E-Mail : info@quantum.org
Web Site : www.quantummethod.org



হে মানুষ
শোনো!